দৈনিক আমাদের সময়
৩০/১১/২০২০

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## পরিচালকের দপ্তর
### ন্যাশনাল ইনষ্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার
শেরে-বাংলা-নগর, ঢাকা

E-mail : nilmrc@ld.dghs.gov.bd

স্মারক নং-এনআইএলএম-আরসি/প্রশাসন/নিয়োগ/২০২০/১৭৩৪ তারিখ : ২৮/১১/২০২০ ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.২০.৭৭২ তারিখ-১১/০৬/২০২০ ইং মোতাবেক ছাড়পত্রের আলোকে ন্যাশনাল ইনষ্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার অস্থায়ী রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত সকল জেলার প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা/অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | স্টোর কিপার<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ (এক) | ক) সরকার স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটারে এম.এস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন। (ন্যূন পক্ষে এক বছরের অভিজ্ঞতা) | বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০২ | ইনস্টুমেন্ট কেয়ার টেকার<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০২ (দুই) | ক) সরকার স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে। | ঐ |
| ০৩ | রিসিপশনিস্ট<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ (এক) | ক) সরকার স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(ন্যূন পক্ষে এক বছরের অভিজ্ঞতা) | ঐ |
| ০৪ | কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১ (এক) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী এবং<br>খ) কম্পিউটার পরিচালনায় বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন<br>(ন্যূন পক্ষে দুই বছরের অভিজ্ঞতা) | ঐ |
| ০৫ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০২ (দুই) | ক) সরকার স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটারে এম.এস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন। (ন্যূন পক্ষে এক বছরের অভিজ্ঞতা) | ঐ |
| ০৬ | ডাটা এন্ট্রি অপারেটর<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০২ (দুই) | ক) সরকার স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটারে এম.এস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন। (ন্যূন পক্ষে এক বছরের অভিজ্ঞতা) | ঐ |

**আবেদনের পদ্ধতি ও শর্তাবলী :**

১. প্রার্থীদের বয়সসীমা- ০১ ডিসেম্বর/২০২০ ইং সাল নাগাদ গণনা করা হবে।
ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে : ১৮-৩০ বছর (খ) মুক্তিযোদ্ধাদের পুত্রকন্যাগণের ক্ষেত্রে : ১৮-৩২ বছর (গ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে : ১৮-৩২ বছর (ঘ) NILMRC প্রতিষ্ঠা প্রকল্পে (২য় সংশোধিত) কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে : বয়স শিথিলযোগ্য।

২. প্রার্থীকে অবশ্যই অনলাইনের মাধ্যমে আবেদন এবং "নগদ" এর মাধ্যমে ফি প্রদান করতে হবে। হার্ড কপি গ্রহণযোগ্য হবে না। আবেদন করার পূর্বে প্রার্থী অবশ্যই নগদ (Nagad) মোবাইল ব্যাংকি এ রেজিষ্ট্রেশন করে ১২৫/- টাকা ক্যাশ ইন করে নিবেন। যে কোনো অপারেটর (জিপি, রবি, এয়ারটেল, টেলিটক) থেকে *১৬৭# ডায়াল করে ৪ ডিজিট পিন ও পুনরায় ৪ ডিজিট কনফার্ম পিন দিয়ে নগদ (Nagad) পারসোনাল একাউন্ট খুলতে পারবেন অথবা বাংলালিংক ও অন্যান্য সকল অপারেটর থেকে Nagad মোবাইল এপস্ ডাউনলোড করেও নগদ (Nagad) পারসোনাল একাউন্ট খুলতে পারবেন।

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৪. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।
খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।
গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ) NILMRC প্রতিষ্ঠা প্রকল্পে চাকুরীরত সকল প্রার্থীদের সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় NILMRC প্রতিষ্ঠা প্রকল্প (২য় সংশোধিত) বাটনটি টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়।
চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের সনদসহ আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র Upload করতে হবে।

৫. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ

পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র Upload করতে হবে।

৫. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৬. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তাহার পূর্ব-কার্যকলাপ যাচাই ও স্বাস্থ্যগত উপযুক্ততার সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে চাকুরীতে নিয়োগ/যোগদান করতে দেয়া হবে।

৭. ক. আগ্রহী প্রার্থীগণ http://www.nilmrcbd.gov.bd এই ওয়েবসাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

১. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০১/১২/২০২০ ইং সকাল ১০.০০ ঘটিকা শেষ তারিখ ও সময় : ২২-১২-২০২০ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে "ফি প্রদান" মেনু থেকে নগদ এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদন পত্রে গত এক মাসের মধ্যে তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) Pixel স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online-এ তথ্য পূরণের সময় শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র স্ক্যান করে একটি PDF এবং জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, চারিত্রিক সনদপত্র, অন্যান্য সকল কাগজপত্র স্ক্যান করে আরো একটি PDF করে যথাযথ স্থানে Upload করতে হবে। প্রতিটি PDF এর সাইজ সর্বোচ্চ ১০ মেগাবাইট (10MB) হতে হবে।

ঘ. Online-আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online এ আবেদন প্রেরণের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

চ. Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করার পর প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি USER ID, Password দেয়া থাকবে এবং USER ID, Password ব্যবহার করে প্রার্থী নগদ (Nagad) ব্যালেন্স থেকে আবেদন/পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ হতে ০৬ নং পদের জন্য সার্ভিস চার্জসহ ১২৫/- (একশত পঁচিশ টাকা) কেটে নিবে। প্রার্থীর নগদ (Nagad) ব্যালেন্সে ১২৫/- টাকার কম থাকলে পেমেন্টটি বাতিল হবে। পরবর্তীতে উক্ত প্রার্থী নগদ (Nagad) এ ব্যালেন্স ক্যাশ ইন করে "ফি প্রদান" মেনু থেকে নগদ (Nagad) এর মাধ্যমে আবেদন/পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
বিশেষভাবে উল্লেখ্য, "Online এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন/পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হলে প্রার্থী নিম্নোক্ত ফরমেটে একটি SMS পাবেন।
Dear Applicant's Name, your application has been received by NILMRC, User ID is (01XXXXXXXX) and Password (XXXXXXXXX).

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি Website: www.nilmrcbd.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে Applicant's copy download পূর্বক Print করতে পারবেন।

ঞ. যে কোনো সমস্যা ও সাহায্যের জন্য ই-মেইল nilmrc.hr@gmail.com করে ও ফেসবুক গ্রুপ www.fb.com/groups/careerbdjobs এ যোগাযোগ করতে পারবেন। একজন প্রার্থী অনলাইন-এ কিভাবে ফর্ম পূরণ করবেন তা "সাহায্য" মেনুতে টিউটোরিয়াল এ দেয়া থাকবে।

ট. মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন নম্বর ও জন্মতারিখ অবশ্যই ইংরেজিতে লিখতে হবে, অন ন্য সকল তথ্য বাংলায় ইউনিকোডে লিখতে হবে।

ঠ. পরবর্তী সকল আপডেট www.nilmrcbd.gov.bd ওয়েবসাইটে দেওয়া হবে ও প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

৮. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। টিউটোরিয়াল অনুযায়ী প্রার্থী অনলাইন-এ ফর্ম পূরণ করবেন।

৯. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১০. একজন প্রার্থী সর্বোচ্চ একটি পদে আবেদন করতে পারবেন।

১১. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে গণ্য হবে।

২৪/১১/২০২০ খ্রিঃ

(অধ্যাপক ডাঃ আবুল খায়ের মোহাম্মদ শামছুজ্জামান)
পরিচালক ও প্রকল্প পরিচালক
ও
সভাপতি, নিয়োগ কমিটি
ন্যাশনাল ইনষ্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার
শেরেবাংলা নগর, ঢাকা।

জি-২১৬৯/১১/২০ (২০"X৪)